চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশুদিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মসূচী

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৮তম জন্মদিন এবং জাতীয় শিশুদিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। কর্মসূচীর মধ্যে ১৭ মার্চ ২০১৭ খ্রি. সকাল ৯ টায় নগর ভবনের বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ,সকাল সোয়া ৯ টায় নগর ভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে খতমে কোরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত, সকাল সাড়ে ৯ টায় ডিসি হিল নজরুল স্কয়ারে শিশু কিশোর সমাবেশ,জন্মদিনের কেক কাটা, আলোচনা সভা, বঙ্গবন্ধু বিষয়ে উপস্থিত বক্তৃতা, আবৃতি ও সাংস্কৃতিক অনুষ্ঠান রয়েছে। এ সকল অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত কিন্ডারগার্টেন,প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক বিদ্যালয় সমূহের সকল শিক্ষার্থীদের উপস্থিতি একান্তভাবে কামনা করা হয়েছে।

চট্টগ্রাম-১৪ মার্চ ২০১৭ খ্রি.

কুয়াইশ বুড়িশ্চর শেখ মোহাম্মদ সিটি কর্পোরেশন কলেজে এর বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণ,কৃতি শিক্ষার্থী ও অবসরপ্রাপ্ত শিক্ষক সংবর্ধনা এবং এইচ এস সি পরীক্ষার্থী বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, কুয়াইশ বুড়িশ্চর শেখ মোহাম্মদ সিটি কর্পোরেশন কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে উন্নিত করার উদ্যোগ গ্রহণ সহ কলেজ এবং স্কুল মাঠের বাউন্ডারী ওয়াল ২টি গেইট এবং পানি নিষ্কাশনের জন্য নালা নির্মাণ করা হবে। মেয়র বলেন, শিক্ষার্থীদের স্বার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সকল ধরনের সুযোগ সুবিধা দেবে বিনিময়ে শিক্ষার্থীদেরকে প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। মেয়র বলেন, শিক্ষা ও স্বাস্থ্য খাতে ট্যাক্স গ্রহণ ছাড়াই চসিক এ ২টি সেবার পেছনে বছরে প্রায় ৬০ কোটি টাকা ভুর্তুকী দিয়ে যাচ্ছে। কারন বর্তমান শিক্ষার্থীদের হাত ধরেই বাংলাদেশ ক্ষুধা দারিদ্রমুক্ত সোনার বাংলায় পরিণত হবে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, শিক্ষার্থীদের এ দেশ ও মাটির প্রতি মমত্ববোধ থাকতে হবে। দেশের প্রতি, দেশের মানুষের প্রতি কর্তব্যবোধ থাকতে হবে। মেয়র বলেন, যে মা-বাবা তাঁর সন্তানদের সু শিক্ষিত ও মানুষের মত মানুষ হিসেবে গড়ে তোলার জন্য সবকিছু বিসর্জন দেন সেই মা-বাবার প্রতি সন্তানদের সর্বোচ্চ সম্মান-মর্যাদা অটুট রেখে আমরণ তাদেরকে সেবা দিতে হবে। তিনি বলেন, শিক্ষার্থী সকলকে মাতা-পিতার সিদ্ধান্ত ও শিক্ষকদের পরামর্শ মেনে নীতি ও আদর্শবান আলোকিত নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। মেয়র বলেন, মা বিশ্বস্থ ও নিঃস্বার্থ ব্যক্তি, নিঃসংকোচে মা এর প্রতি সর্বোচ্চ আনুগত্য দেখাতে হবে। ১৪ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার সকালে কুয়াইশ বুড়িশ্চর শেখ মোহাম্মদ সিটি কর্পোরেশন কলেজ এর বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগীতার পুরস্কার বিতরণ,কৃতি শিক্ষার্থী ও অবসরপ্রাপ্ত শিক্ষক সংবর্ধনা এবং এইচ এস সি পরীক্ষার্থী বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে সিটি মেয়র এসব কথা বলেন। অত্র কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জয়নাল আবেদীনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলহাজ্ব ইউনুচ গণি চৌধুরী, বারভিটার সহ সভাপতি জাফর

আহমদ, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, কলেজ পরিচালনা কমিটির সদস্য ডা. মনতোষ ধর, আবু আলম। স্বাগত বক্তব্য রাখেন, কলেজের অধ্যক্ষ জয়নাল আবেদীন, শুভেচ্ছা বক্তব্য রাখেন, মেজর অধ্যাপক রতন দাশ, অবসর প্রাপ্ত শিক্ষক মশিউর রহমান আদনান। অনুষ্ঠানের শুরুতে সিটি মেয়রকে গার্ড অব অনার প্রদান, ক্রেষ্ট ও ফুল দিয়ে শুভেচ্ছা জানান। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি ক্রীড়া প্রতিযোগীতায় বিজয়ীদের পুরষ্কার বিতরণ করেন এবং অবসরপ্রাপ্ত শিক্ষক দেবপ্রত দেওয়ানজী, চাঁদ সুলতানা,মো. সালাম, মোয়াজ্জেম হোসেন, ফখর উদ্দিন এবং কৃতি শিক্ষার্থী প্রিয়ংকা দাশ, কামরুননেছা আরিফা ফজলুল করিমকে ক্রেষ্ট প্রদান করা হয়।

চট্টগ্রাম-১৪ মার্চ ২০১৭ খ্রি.

সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে বিএমডিএফ ও বিশ্ব ব্যাংকের প্রতিনিধি দল এর বৈঠকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অবকাঠামোগত উন্নয়ন ও আয়বর্ধক প্রকল্পের অধীনে দেড় হাজার কোটি টাকার প্রকল্প প্রস্তাবনা উপস্থাপিত

১৪ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার, দুপুরে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ হাসিনুর রহমান, কোম্পানী সচিব নাসির উদ্দিন আহমদ চৌধুরী, ওয়ার্ল্ড ব্যাংক এর কনসালটেন্ট ইশিতা আলম লাবনী, সিনিয়র আরবান অফিসার ক্রিষ্টফার পাবলু চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর প্রস্তাবিত প্রায় দেড় হাজার কোটি টাকার সম্ভাব্য প্রকল্পের বিষয়ে আলোচনা করেন। বৈঠকে ওয়ার্ল্ড ব্যাংকের অর্থায়নে বিএমডিএফ এর মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্যতা যাচাই বাছাই পূর্বক চূড়ান্ত করার বিষয়টি বৈঠকে অবহিত করা হয়। বৈঠকে মেয়র বলেন, বিশ্ব ব্যাংক বাংলাদেশের উন্নয়নে প্রধান সহযোগি সংস্থা। চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় ভবন নির্মাণ, রাস্তা প্রশস্থ করন, অফিস কাম কমিউনিটি সেন্টার, কাঁচা বাজার উন্নয়ন, ট্রাফিক ব্যবস্থাপনা সহ বহুমুখি আয় বর্ধক প্রকল্প বাস্তবায়নে বিশ্ব ব্যাংক বিএমডিএফ এর মাধ্যমে সহযোগিতায় এগিয়ে এলে চট্টগ্রামবাসী বিশ্বব্যাংকের অবদানকে স্মরনে রাখবে। বৈঠকে ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর এইচ এম সোহেল, চসিক এর ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, তত্বাবধায়ক প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, মুনিরুল হুদা সহ সংশ্লিষ্ট প্রকৌশলীরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-১৪ মার্চ ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর ভ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট যুথিকা সরকার এর নেতৃত্বে ১৪ মার্চ ২০১৭খ্রি. মঙ্গলবার চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন জলসা মার্কেট,নুপুর মার্কেট,বন্দর বিতান মার্কেট, নিউ সুপার মার্কেট,প্রফেসর মার্কেট, তামাকুন্ডলেইন মার্কেটের দোকানদারদের ট্রেড লাইসেন্স ও নবায়ন না থাকায় হারুন টেলিকম এর মো. হানিফকে ৩ হাজার টাকা, হারুন টেলিকম এর মো. ফারুককে ২ হাজার টাকা, আর এস এম এর আবদুল মোমিনকে ২ হাজার টাকা, পি এম টেলিকমের মো. রফিককে ৩ হাজার টাকা, মেসার্স ফার্মেসী সুমন সেনকে ২ হাজার টাকা, শাড়ীর দোকান এর মো. ফরহাদকে ২ হাজার টাকা, আবদুল মান্নানকে ১ হাজার টাকা, মো. আইয়ুবকে ২ হাজার টাকা, আল মুরাদ ক্রোকারিজ আবদুল মান্নানকে ৩ হাজার টাকা, খাজা কালেকশন এর আবু সালেকে ২ হাজার টাকা, ইয়েস বস এর মো. রুবায়েতকে ২ হাজার টাকা, মেসার্স আল হেরা ক্লথ ষ্টোর এর মোক্তার আহমদকে ১ হাজার টাকা, ফ্যাশন ভান্ডার এর মঞ্জুর আলমকে ২ হাজার টাকা, ওয়ার্ল্ড ফ্যাশন এর জাহেদুল ইসলামকে ২ হাজার টাকা, এইচ এন্ড ব্রাদার্স এর মো. সরওয়ার হোসেনকে ১ হাজার টাকা, ট্রেড

লাইসেন্স নবায়ন না থাকায় ও অস্বাস্থ্যকর নোংরা পরিবেশের দায়ে জম জম হোটেলের আবুল কাশেমকে ১৩ হাজার টাকা, উৎপল চৌধুরীকে ১ হাজার টাকা, এ রহমান লেটার হাউস এর মো. ইকবালকে ২ হাজার টাকা, চিটাগাং কসমেটিকস্ এর কাউসার আহমদকে ১ হাজার টাকা, মেসার্স হালিমা বেডিং মোহাম্মদ আলীকে ১ হাজার টাকা, আম্মান চশমা বিতান এর মো. আরমান কে ১ হাজার টাকা, অল ওয়েল কসমেটিকস্ মিনহাজুল ইসলামকে ২ হাজার টাকা, এ ও অপটিক্যাল এর মিসকাতুর রহমানকে ১ হাজার টাকা, ওমর ফারুককে ২ হাজার টাকা সহ সর্বমোট ৫৪,০০০/- (চুয়ান্ন হাজার) টাকা জরিমানা করা হয়। অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর সংশি¬ষ্ট বিভাগ সমূহের কর্মকর্তা,কর্মচারীগণ ও সিএমপি পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চট্টগ্রাম-১৪ মার্চ ২০১৭ খ্রি.

এডভোকেট রানা দাশ গুপ্তের মাতা কৃষ্ণা দাশ গুপ্তা'র মহাপ্রয়ানে
সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের শোক ও শ্রদ্ধা নিবেদন

মানবতা বিরোধী আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের প্রসিকিউটর এডভোকেট রানা দাশ গুপ্তের মাতা রবীন্দ্র সঙ্গীতশিল্পী ও সঙ্গীত পরিষদ এর সাবেক শিক্ষিকা শ্রীমতি কৃষ্ণা দাশ গুপ্তা'র মহাপ্রয়ানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি ১৪ মার্চ ২০১৭ খ্রি. মঙ্গলবার এক শোক বার্তায় প্রয়াতের আত্মার সদগতি ও চিরশান্তি কামনা করেন। মেয়রের পক্ষে প্রয়াতের কফিনে শ্রদ্ধা নিবেদন করেন কাউন্সিলর শৈবাল দাশ সুমন, জহর লাল হাজারী, চসিক জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি রিয়াজ হায়দার চৌধুরী ও সুমন দেবনাথ সহ অন্যরা।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা